

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৯০

পর্ব-৩০: মান-মর্যাদা (২০০১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ -আলী ইবনু আবূ ত্বালিব (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

ٱلْفصْلُ الثَّنِ (بَابِ مَنَاقِبِ عَلَيِّ بنِ أَبِي طَالبِ)

আরবী

عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّ عَلِيًّا مِنِّي وَأَنَا مِنْهُ وَهُوَ وَلَيْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّ عَلِيًّا مِنِّي وَأَنَا مِنْهُ وَهُوَ وَلِيُّ كُلِّ مُؤْمِنٍ» . رَوَاهُ التِّرْمِذِيِّ

اسناده حسن ، رواه الترمذى (3712 وقال : غريب) ـ (صَحِيح)

বাংলা

৬০৯০-[8] 'ইমরান ইবনু হুসায়ন (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.) বলেছেন: 'আলী আমার হতে আর আমি 'আলী হতে। আর সে প্রত্যেক মুমিনের বন্ধু। (তিরমিযী)

ফুটনোট

সহীহ: তিরমিয়ী ৩৭১২, সিলসিলাতুস সহীহাহ ২২২৩, সহীহুল জামি ৫৫৯৮, মুসনাদে আহমাদ ১৯৯৪২, সহীহ ইবনু হিব্বান ৬৯২৯, আস্ সুনানুল কুবরা লিন নাসায়ী ৮১৪৯, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ৫৮১৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّ عَلِيًّا مِنِّي وَأَنَا مِنْهُ) অর্থাৎ বংশের সূত্রে, বৈবাহিক সূত্রে, অগ্রগামিতার দিক থেকে, ভালোবাসার দিক থেকে ও অন্যান্য দিক থেকে। এটা কেবলমাত্র তার আত্মীয় দিক থেকে নিকটবর্তী নয়। তাহলে এ বিষয়ে অনেকেই তাঁর শরীক হয়ে যাবে।

(وَهُوَ وَلِيُّ كُلِّ مُؤْمِنٍ) অর্থাৎ তার প্রিয়। ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, এটা মহান আল্লাহর বাণীর প্রতি ইঙ্গিত আছে, তা হলো-



(اِنَّمَا وَلِیُّکُمُ اللَّهُ وَ رَسُواَلُهُ وَ الَّذِیاَنَ اٰمَنُوا الَّذِیاَنَ یُقِیاَمُواَنَ الصَّلُوةَ وَ یُواَتُواَنَ الزَّکُوةَ وَ هُما رُحِعُواَنَ)
"তোমাদের অভিভাবক কেবল আল্লাহ ও তাঁর রাসূল (সা.) এবং যারা ঈমান এনেছে, সালাত কায়িম করে ও

যাকাত দেয় এবং যারা রুকু করে"- (সূরাহ্ আল মায়িদাহ ৫: ৫৫)।

তাফসীরে কাশশাফে বলা হয়ে হয়েছে, এ আয়াতটি 'আলী (রাঃ)-এর ব্যাপারে নাযিল করা হয়েছে। যদি তুমি বল, এটা কিভাবে সঠিক যে তা 'আলী (রাঃ)-এর ব্যাপারে নাযিল হয়েছে? এখানে তো বহুবচনের শব্দ এসেছে। আমি বলব, তার কাজের মতো করে মানুষকে উৎসাহ দেয়ার জন্য এটা এসেছে। যেন তারা তার সাওয়াবের মত সাওয়াব লাভ করতে পারে। আর মু'মিন ব্যক্তির আগ্রহ এমনটাই হওয়া চায় সৎ ও কল্যাণের কাজে। বায়যাবী (রহিমাহুল্লাহ) বলেন, তারা রুকৃ'কারী অর্থাৎ তারা তাদের সালাতে ও যাকাতে বিনয়ী। (তুহফাতুল আহ্ওয়াযী ৯ম খণ্ড, হা. ৩৭১, মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন